

১২নং বুল্লী ইউনিয়ন পরিষদ  
চেয়ারম্যানের কার্যালয়  
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: অ্যাড. মো: মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বুল্লী ইউনিয়ন পরিষদ

সভার তারিখ: ২৭/০২/২০২২

সময়: বেলা ১১টা

স্থান: ইউপি হলরুম

উপস্থিতি: উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত।

অধ্যকার সভায় ১২নং বুল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মো: মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

প্রথম আলোচ্যসূচি: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।


উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

দ্বিতীয় আলোচ্যসূচি: পবিত্র রমজান উপলক্ষে টিসিবির উপকারভোগীর তালিকা প্রণয়ন সংক্রান্ত।

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করার উদ্দেশ্যে বলেন যে, পবিত্র রমজান উপলক্ষে সরকার দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে স্বল্পমূল্যে নিত্যপণ্য সরবরাহের উদ্যোগ নিয়েছে। যা এই প্রথমবারের মতো ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়ন হতে যাচ্ছে। এলক্ষ্যে অত্র ইউনিয়নে ৩২১টি নতুন কার্ড এবং করোনাকালে মাননীয় প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা প্রাপ্ত ২৮৭ জন সর্বমোট ৬০৮টি পরিবার টিসিবির পণ্য ক্রয়ের সুযোগ পাবে। এক্ষণে তালিকা প্রণয়ন করতে হবে। তালিকা প্রণয়নে দরিদ্র, অসহায়, স্বল্প আয়ের প্রান্তিক জনগোষ্ঠীতে অগ্রাধিকার দিতে হবে।

সভায় সরকারি নির্দেশনা মেনে দ্রুততম সময়ে টিসিবির উপকারভোগীদের তালিকা প্রণয়নের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

অধ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
এ্যাড. আলহাজ্ব মোঃ মহিতুল ইসলাম  
চেয়ারম্যান  
১২নং বুল্লী ইউনিয়ন পরিষদ  
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা